



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

সর্বোত্তম মনিব

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম।

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

আস-সালাতু ওয়া আস-সালামু' আলা রাসুলিনা

মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।

মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্,

মাদাদ ইয়া মাশাইখিনা, দাস্তুর, মাদাদ ইয়া শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী,

শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, মাদাদ।

তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

মানুষেরা জীবিকার জন্য, বাঁচার জন্য কাজ করে। তারা একটি ভালো চাকরী এবং ভালো মনিব খোঁজে যে তার পারিশ্রমিক চুরি করবে না, খোঁজে একটি নিশ্চিত চাকরী। অনেক জায়গায় এমন বহু লোক আছে যারা শ্রমিকদের অধিকার আত্মসাৎ করে। বিশেষ করে শ্রমিকেরা যদি বেআইনীভাবে দেশে থাকে এবং কাজ করে তবে তাদের অধিকার অস্বীকার করা মালিকদের জন্য আরও সহজ।

একজন শ্রমিক ৫-১০ মাস কাজ করে আর মালিক বলে যায় বেতন পরে দিবে, পরে দিবে, এবং শেষ পর্যন্ত তাকে তার ন্যায্য পাওনা দেয়া হয় না। ওই শ্রমিকের অভিযোগ করার মত কোন জায়গাও থাকে না। সে অভিযোগ করলে সরকার থাকে দেশ থেকে বের করে দেবে আর সে সমস্যায় পড়বে। তাই যখন কাজ করতে যাবে, খেয়াল রাখবে মালিক যেন সৎ হয়, ভালো হয়।

কে সবচেয়ে ভালো মালিক? আল্লাহ্ (জাল্লা জালালুহু)। আল্লাহ্‌র (জাঃজাঃ) জন্য কাজ কর। যখন কেউ আল্লাহ্‌র (জাঃজাঃ) জন্য কাজ করে তখন তিনি পারিশ্রমিক হিসেবে একটির বদলে দশটি দেন, একটির বদলে একশটি দেন, একটির বদলে ৭০০ টি পর্যন্ত অথবা তারচেয়েও বেশী দেন। চল আমরা সব কাজ আল্লাহ্‌র (জাঃজাঃ) জন্য করি। তিনি আমাদের অধিকার বহুগুণে দিবেন।

তোমরা যদি বেআইনীভাবে চাকরী কর তাহলে অনেক মানুষ তোমাদের ধোঁকা



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

দেবে। শয়তান হচ্ছে সেই ধরণের একজন মনিব। সে তোমাকে দিয়ে কাজ कराবে কিন্তু তোমার অধিকার দেবে না। সে তোমাকে দিয়ে কাজ করিয়েই যাবে এবং শেষ পর্যন্ত এমন ক্ষতিতে ফেলবে যে তুমি পাঁচ পয়সাও পাবে না। তোমার সব মেহনত শূণ্যে পর্যবসিত হবে এবং তা কোন কাজেই আসবে না। উপরন্তু তা তোমার জন্য আখিরাতে ক্ষতিকর হবে।

এই জন্যই আমাদের সতর্ক হতে হবে যেন সবকিছু আল্লাহর (জাঃজাঃ) জন্য করা হয়। আমাদের আল্লাহর (জাঃজাঃ) আদেশ পালন করতে হবে ঠিক যেভাবে তিনি চান সেভাবে যেন আমরা আমাদের জীবন এবং আখিরাতে গঠন করতে পারি।

অনেক হৃদয়হীন লোক আছে এবং নাফসের অনুসরণকারী অনেক লোকও আছে। তারা শয়তানের কর্মচারী। তারা শয়তানের গোলামে পরিণত হয়েছে। আমাদের হতে হবে আল্লাহর (জাঃজাঃ) গোলাম, আল্লাহর (জাঃজাঃ) বান্দা। যারা উনার অনুসরণ করে তারা সবসময়ই লাভের ভেতর থাকে।

আল্লাহ্ (জাঃজাঃ) আমাদের এই পথে চলার তাওফিক দান করুন, ইনশাআল্লাহ্। আমরা যেন এসব প্রতারকদের, প্রতারক মালিকদের খপ্পরে না পড়ি। সবচেয়ে সত্য এবং সবচেয়ে নিশ্চিত হচ্ছেন আল্লাহ্ (জাঃজাঃ)। উনাকে ছাড়া আর কাউকেই বিশ্বাস করা যায় না। সম্মানহীন মালিকদের কাছে যেও না এবং তাদের বিশ্বাস কোরোনা। আল্লাহ্ (জাঃজাঃ) আমাদের সবাইকে হিদায়াত দান করুন। আমরা যেন সঠিক পথ থেকে সরে না যাই, ইনশাআল্লাহ্।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক

আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল

১০ জানুয়ারী ২০১৫ / ৩০ রাবিউল আউয়াল ১৪৩৭

আকবাবা দারগাহ, ফজর নামায।

